

Telephone Conversation between PM and President of the Republic of South Africa

April 17, 2020

প্রধানমন্ত্রী এবং দক্ষিণ আফ্রিকা প্রজাতন্ত্রের রাষ্ট্রপতির মধ্যে টেলিফোনে বাক্যালাপ

এপ্রিল 17,2020

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ দক্ষিণ আফ্রিকা প্রজাতন্ত্রের মহামান্য রাষ্ট্রপতি সিরিল রামাফোসার সাথে টেলিফোনে বাক্যালাপ করেছেন।

দুই নেতা কোভিড-19 অতিমারি দ্বারা উদ্ভূত দেশমধ্যস্থ, আঞ্চলিক এবং বিশ্বব্যাপী প্রতিবন্ধকতার বিষয় নিয়ে তাদের দৃষ্টিভঙ্গির বিনিময় করেছেন। তারা তাদের দেশের জনগণের স্বাস্থ্য রক্ষার্থে এবং সেই সাথে আর্থিক প্রভাবে ন্যূনতম করার জন্য নিজ নিজ সরকারের গৃহীত পদক্ষেপগুলি নিয়ে আলোচনা করেছেন।

প্রধান মন্ত্রী আশ্বস্ত করেছেন যে, এই সংকট কালে অত্যাবশ্যকীয় ওষুধের যোগানকে সুনিশ্চিত করার জন্য ভারত তার সম্ভাব্য সকলরকমের সাহায্য দক্ষিণ আফ্রিকাকে প্রদান করবে।

প্রধানমন্ত্রী, অতিমারির প্রতিক্রিয়ায় মহাদেশ ব্যাপী সমন্বয় সাধনের জন্য আফ্রিকান ইউনিয়নের বর্তমান সভাপতি হিসেবে রাষ্ট্রপতি রামাফোসার অতিসক্রিয় ভূমিকার প্রশংসা করেছেন।

ভারত এবং আফ্রিকার মধ্যে শতাব্দী প্রাচীন মৈত্রের বন্ধন এবং জনগণের প্রতি জনগণের সংযোগের কথা স্মরণ করে প্রধানমন্ত্রী বলেছেন যে, ভাইরাসের বিরুদ্ধে আফ্রিকার সমবেত প্রচেষ্টাকে ভারত সর্বতভাবে সাহায্য করবে।

নিউ দিল্লি

এপ্রিল 17,2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.

